# জে এস সি পরীক্ষা - ২০২০ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ বাংলা বিষয় কোড: ১ ০ ১

### সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ]

[বি:দ্র: গদ্য ও কবিতা অংশ থেকে ২টি করে মোট ৪টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে। ১০×৪=৪০

### সৃজনশীল অংশ—৪০

### ক অংশ — গদ্য

**১.▶** 'মহেশ' গফুরের পোষা গরু। মাঠ ঘাট চৌচির হয়ে গেছে; গফুরের নিজেরও কোনো সাধ্য ছিল না মহেশকে খাবার দেওয়ার মতো কিছু। গ্রামে যাদের গোখাদ্য ছিল তারাও তা দেয়নি বরং তাদের বাগানের কোনো কিছু খাওয়াতে মহেশকে খোঁয়াড়ে দেওয়া হয়। একাধিক বার ক্ষুধার যন্ত্রণায় কাতর মহেশ অন্যের বাগানে গেলে ও মেয়েকে আঘাত করলে গফুর তিক্ত হয়ে মহেশকে হত্যা করে। গোহত্যার বিচারের ভয়ে রাতে পালিয়ে যাওয়ার সময় সেই বাবলা তলায় আসিয়া নক্ষত্র খচিত কালো আকাশে মুখ তুলিয়া বলিল, আল্লাহ! আমাকে যত খুশি সাজা দিয়ে, কিন্তু মহেশ আমার তেষ্টা নিয়ে মরেছে। তার চরে খাওয়া এতটুকু জমি কেউ রাখেনি। যে তোমার দেওয়া মাঠের ঘাস, তোমার দেওয়া তেষ্টার জল তাকে খেতে দেয়নি, তার কসুর কখনো মাফ করো না।'

ক. হলদে রঙের একজোড়া বেনে বৌ পাখি কোথায় প্রত্যহ হাজিরা হেঁকে যেত? ১

খ. 'অতিথি'র চোখ ভিজে ভিজে হয়ে ছিল কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সঙ্গে 'অতিথির স্মৃতি' গল্পের মূল বৈসাদৃশ্য কোথায়? আলোচনা করো। ৩

ঘ. "উদ্দীপকের প্রেক্ষাপটই 'অতিথির স্মৃতি' গল্পেরই মূলসুর"— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

**২. ★** দৈনিক প্রথম আলোর খবর 'রংপুরের মিঠামইনে সোনার মোহর নিয়ে শ্রমিক উধাও। ঘটনার প্রকাশ, স্থানীয় দেবাশীষ চক্রবর্তী তার পুরোনো পুকুরটি সংস্কার করতে গিয়ে শ্রমিককে কাজ দেন। কয়েক দিন ধরে তারা পুকুরটি খনন করে ছিলেন। হঠাৎ একদিন পুকুরে নিচ থেকে একটি মাটির কলসি বের হয়। যার মধ্যে ছিল প্রচুর সোনার মোহর। শ্রমিকেরা এ ঘটনা মালিককে না জানিয়ে নিজেরা ভাগাভাগি করে মোহরগুলো নিয়ে পালিয়ে যায়। পরে ঘটনা জানাজানি হলে দেবাশীষ স্থানীয় পুলিশ প্রশাসনকে খবর দেন এবং শ্রমিকদের ধরে এনে মোহরগুলো উদ্ধারে সাহায্য করেন।

ক. বিভূতিভূষণের মায়ের নাম কী? ১

খ. 'বাবার মুখ দিয়ে একটি কথাও বেরোল না' কেন? ২

গ. উদ্দীপকের শ্রমিকদের কর্মকাণ্ড 'পড়ে পাওয়া' গল্পের সঙ্গে কোন দিক দিয়ে বৈসাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের দেবাশীষ চক্রবর্তীকে লেখক বা বাদলের প্রতিরূপ বলা যায় কি না? বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৩.▶ প্রচুর ধন-সম্পদ ও অর্থ-বিত্তের মালিক আবুল মোল্লার সাত পুত্র এক কথায় কিছুই করে না। বাবার হোটেলে খায় আর তাইরে-নাইরে করে ঘুরে বেড়ায়। বন্ধু, আড্ডা, গান এই তাদের প্রাণ। বাবার সম্পদ অন্য লোকেরা লুটপাট করে খায় সেদিকেও তাদের খেয়াল নেই। দুশ্চিন্তায় মোল্লা সাহেবের ঘুম হয় না। অবশেষে একদিন মোল্লা তার গোঁফখেজুরে পুত্রদের শিক্ষা দিতে এক চিরকুট লিখে লাপাত্তা হলেন। চিরকুটে লেখা ছিল— 'বাবার, আমার জমির নিচে সোনা আছে। তোমরা সে সোনা তুলে নিয়ো।' ছেলেরা বাবার প্রতি শ্রদ্ধা নিয়ে জমি খনন করতে লাগল। কিন্তু কিছুই পেল না। এক প্রবীণ ব্যক্তি ছেলেদের এ কাণ্ড দেখে বললেন, আরে বোকা, জমি চাষাবাদ করো, তাহলেই সোনা পাওয়া যাবে। অবশেষে তাদের বোধাদয় হলো।

ক. 'বাঙালির বাংলা' প্রবন্ধটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১

খ. বাংলাকে সর্ব ঐশী শক্তির পীঠস্থান বলা হয়েছে কেন? ২

গ. মোল্লা সাহেবের পুত্রদের মধ্যে 'বাঙালির বাংলা' প্রবন্ধের যে দিকটি ফুটে উঠেছে, তা ব্যাখ্যা করো। ৩

ঘ. মোল্লা সাহেবের পুত্রদের বোধোদয়ের মতো বাঙালির বোধোদয়ের জন্য কাজী নজরুল ইসলামের পরামর্শ কী? 'বাঙালির বাংলা' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৪

## খ অংশ — কবিতা

৪.▶ ১৯১০ সালের ২৬ আগস্ট মেসিডোনিয়ায় জন্মগ্রহণ করেন আলবেনিয়ান বংশোদ্ভূত ভারতীয় ক্যাথলিক সন্ন্যাসিনী মাদার তেরেসা। সুদীর্ঘ ৪৫ বছর ধরে নি:স্বার্থভাবে দরিদ্র, অসুস্থ ও মৃত্যু পথযাত্রী মানুষের সেবা করেছেন। কোলকাতার তিনি প্রতিষ্ঠা করেন 'মিশনারিজ অব চ্যারিটি' নামে একটি সেবা প্রতিষ্ঠান। ১৯৭৯ সালে তিনি মানবিক সেবাকার্যের জন্য নোবেল শান্তি পুরস্কারে ভূষিত হন। ১৯৮০ সালে ভারতের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা 'ভারতরত্মা' লাভ করেন। ১৯৯৭ সালের ৫ সেপ্টেম্বর এই মহিয়সী নারী মৃত্যুবরণ করেন।

ক. 'নারী' কবিতাটি কোথা থেকে সংকলিত হয়েছে? ১

খ. নারীর অবদান সে যুগে ইতিহাস লেখা হয়নি কেন? ২

গ. উদ্দীপকটি 'নারী' কবিতার কোন দিকটিকে প্রতিফলিত করে বর্ণনা করো। ৩

ঘ. 'মাদার তেরেসাই কাজী নজরুল ইসলামের কাঙ্ক্ষিত নারী'— 'নারী' কবিতা অবলম্বনে মন্তব্যটির যথার্থতা যাচাই করো। ৪

৫.▶ তোমার যেখানে সাধ চলে যাও— আমি এই বাংলার পারে
রয়ে যাব; দেখিব কাঁঠাল পাতা ঝরিতেছে ভোরের বাতাস;
দেখিবে খয়েরি ডানা শালিকের সন্ধ্যার হিম হয়ে আসে,
ধবল রোমের নিচে তাহার হলুদ ঠ্যাং ঘাসে অন্ধকারে
নেচে চলে— একবার-দুইবার— তারপর হঠাৎ তাহারে বনের হিজলগাছ ডাক দিয়ে যায় হৃদয়ের পাশে।

https://teachingbd24.com

ক. 'কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল ছায়ায়' এর পরের চরণটি লেখো।' ১

খ. কবি জীবনানন্দ দাশ শঙ্খচিল, শালিকের বেশে আবার ফিরে আসতে চেয়েছেন কেন? ২

গ. উদ্দীপকে 'আবার আসিব ফিরে' কবিতার যে ভাব প্রস্ফুটিত হয়ে উঠেছে, তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উপাদানগত পার্থক্য থাকলেও উদ্দীপকটি 'আবার আসিব ফিরে' কবিতার প্রতিপাদ্য বিষয় প্রকাশে সক্ষম— মন্তব্যটির সঙ্গে তুমি কি একমত? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

৬. ★ সতত হে নদ, তুমি পড় মোর মনে!
সতত তোমার কথা ভাবি এ বিরলে;
সতত (যেমতি লোক নিশার স্বপনে/
শোনে মায়া-মন্ত্রধ্বনি) তব কলকলে
জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে!/
বহু দেশে দেখিয়াছি বহু নদ-দলে,
কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে?/
দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে।
আর কি হে হবে দেখা?—
যত দিন যাবে,/প্রজারূপে রাজরূপে সাগরের দিতে
বারি-রূপ কর তুমি; এ মিনতি, গাবে/
বঙ্গজ জনের কানে, সখে, সখা-রীতে/নাম তার, এ প্রবাসে মজি প্রেম-ভাবে/
লইছে যে তব নম বঙ্গের সংগীতে।

ক. 'তামরস' শব্দের অর্থ কী? ১

খ. 'সেই ধন্য নরকুলে লোকে যারে নাহি ভোলে'— কথাটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের কবিতার সঙ্গে 'বঙ্গভূমির প্রতি' কবিতার সাদৃশ্য তুলে ধরো। ৩

ঘ. 'উদ্দীপকের কবিতা ও 'বঙ্গভূমির প্রতি' কবিতার কাব্যভাবনা এক ও অভিন্ন'— বিশ্লেষণ করো। ৪

## নির্মিতি অংশ—৩০

৭. ক. সারাংশ লেখ: ৫

★ আনন্দ প্রকাশ জীবনীশক্তির প্রবলতারই প্রকাশ। আনন্দকে আমরা বুঝি রূপ-রস-শব্দ-স্পর্শ-গন্ধ ইত্যাদির সাহায্যে, ইন্দ্রিয় সকলের সাহায্যে। মানুষ যখন আনন্দ পায় তখন সে তার মনকে প্রকাশ করতে চায়-নানা রূপে। তাই সৃষ্টি হলো চিত্রশিল্পী, নৃত্যশিল্পী, সংগীত শিল্পী, কবি, সাহিত্যিক, পুরাকালের গুহামানুষ থেকে শুরু করে বর্তমান যুগ পর্যন্ত মানুষ নিজের পাওয়া আনন্দকে সুন্দরকে অন্য মানুষের মধ্যে বিস্তার করতে চেয়েছে। তাই সৃষ্টি হয়েছে নানান আঙ্গিকের শিল্পকলা।

https://teachingbd24.com

অথবা,

খ. সারমর্ম লেখ:

হে সূর্য! শীতের সূর্য!
হিমশীতের সুদীর্ঘরাত তোমার প্রতীক্ষায়
আমরা থাকি।
যেমন প্রতীক্ষা করে থাকে কৃষকের চঞ্চল চোখ
ধানকাঁটার রোমাঞ্চকর দিনগুলির জন্য।
হে সূর্য, তুমি তো জানো,
আমাদের গরম কাপড়ের কত অভাব!
সারারাত খড়কুটো জ্বালিয়ে
এক টুকরো কাপড়ে কান ঢেকে,
কত কষ্ট আমরা শীতে আটকাই!
সকালের এক টুকরো রোদ্দুর—
এক টুকরো সোনার চেয়েও মনে হয় দামি।

৮. ক. মনে কর, তোমার ছোট ভাই মুগ্ধ ষষ্ঠ শ্রেণিতে পড়ে। তাকে 'পরীক্ষায় অসদুপায় অবলম্বন ব্যক্তি তথা জাতির জন্য হুমকি স্বরূপ' এই মর্মে একটি পত্র পাঠাও। ৫

অথবা,

খ. শিক্ষা সফরের গুরুত্ব উল্লেখ করে তোমার স্কুলের প্রধান শিক্ষকের নিকট শিক্ষা সফরে যাওয়ার অনুমতি চেয়ে একটি আবেদনপত্র লেখ।

৯. ভাবসম্প্রসারণ কর: ৫

ক. বাংলাদেশের ইতিহাস এদেশের মানুষের রক্ত দিয়ে রাজপথ রঞ্জিত করার ইতিহাস।

খ. বিশ্বের যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর
অর্ধেক তার করিয়াছে নারী-অর্ধেক তার নর।

১০. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর: ১৫

ক. দৈনন্দিন জীবনে বিজ্ঞান [সূচনা, দৈনন্দিন জীবনে বিজ্ঞান, শহুর জীবনে বিজ্ঞান, গ্রামীণ জীবনে বিজ্ঞান, দৈনন্দিন জীবনে বিজ্ঞানের প্রভাবের অপকারিতা, উপসংহার।]

খ. বাংলাদেশের কৃষক [সূচনা, কৃষকের অতীত ইতিহাস, বর্তমান অবস্থা, কৃষকের উন্নয়ন, উপসংহার।]

গ. স্বদেশপ্রেম [সূচনা, স্বদেশপ্রেমের সংজ্ঞার্থ, স্বদেশপ্রেমের স্বরূপ, স্বদেশপ্রেমের অনুভূতি, ছাত্রজীবনে স্বদেশপ্রেম, বাঙালির স্বদেশপ্রেম, স্বদেশপ্রেম ও বিশ্বপ্রেম, উপসংহার।]

Teachingbd24.com

# বাংলা

বিষয় কোড: ১ ০ ১

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ কত সালে 'ভারতীয়' পত্রিকায় 'বড় দিদি' উপন্যাস প্রকাশিত হয়?
ক) ১৯০৫ খ) ১৯০৬
গ) ১৯০৭ ঘ) ১৯০৮

২. 'কাণ্ডাকাণ্ড' শব্দের অর্থ কী?
ক) কাণ্ডকারখানা
খ) উসকানি
গ) গ্রাহ্য না করা
ঘ) ন্যায়-অন্যায়

৩. কোনগুলো কাজী নজরুল ইসলামের রচনা নয়?
ক) পল্লিসমাজ পথের দাবী, শেষ গ্রন্থ
খ) বিষের বাঁশি, সাম্যবাদী, সর্বহারা
গ) সিন্ধু-হিন্দুল, চক্রবাক, মৃত্যুক্ষুধা
ঘ) কুহেলিকা, ব্যথা দান, রিক্তের বেদন

৪. ★ শীতের কোপে মরছি— কে এই কথা বলে?
ক) বিধু খ) বাদল
গ) সিধু ঘ) অরা

৫. চোখ দুটির মধ্যে ফাকা দে হাড চোখ দুটি কী?
ক) দুটি বাল্ব
খ) মামার দুটি চোখ
গ) ভয়ের চোখ
ঘ) দুটি ছবি

৬. ★ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে কর্মচারীদের বেতন দিতে বলেছেন তার ঐতিহাসিক ভাষণে?
ক) ৩১ তারিখ খ) ৩০ তারিখ
গ) ২৯ তারিখ ঘ) ২৮ তারিখ

৭. ★ 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' এই সংগ্রামের স্মৃতি বহন করছে—
i. জাতীয় স্মৃতিসৌধ
ii. মুক্তিযুদ্ধ যাদুঘর
iii. শহিদ মিনার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. 'প্রাণ খোলা' বলতে কি বোঝায়—
i. উদার
ii. কৃত্রিম
iii. খোলা মনের
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. লালন শাহের জীবনীর কোন বিষয় নিয়ে মতভেদ আছে।
ক) দর্শন খ) ধর্ম
গ) জন্ম ঘ) মৃত্যু

১০. 'একেই কী বলে সভ্যতা'— কোন শ্রেণির রচনা?
ক) নাটক খ) প্রহসন
গ) পত্রকাব্য ঘ) মহাকাব্য

১১. 'বর' শব্দের অর্থ কী?
ক) বিশাল খ) বৃষ্টি
গ) আশীর্বাদ ঘ) বাদল

১২. ★ 'আঁখি করি লাল'— 'লাল আঁখি' কীসের প্রতীক?
ক) ঘৃণার খ) শোকের
গ) রাগের ঘ) দুঃখের

১৩. আমাদের মনের সংকল্প নড়বড়ে হয়ে যায় কেন?
ক) ব্যর্থতার ভয়ে খ) লোক ভয়ে
গ) অস্থায়ীন বলে ঘ) সময়ের অভাবে

১৪. কামিনী রায় কোন কলেজে পড়াশোনা করে সেই কলেজেই অধ্যাপনা করেন?
ক) হিন্দু কলেজে খ) বেথুন কলেজ
গ) সংস্কৃত কলেজ ঘ) মহিলা কলেজ

Teachingbd24.com

১৫. বিধাতার কাছে কবি দাঁড়িয়েছেন—
ⓚ ফুল হাতে ⓚ শ্রদ্ধার সাথে
ⓖ ভক্তির সাথে ⓖ শূণ্য হাতে

১৬. ★ 'নারীরা আছিল দাসী, 'নারী' কবিতার উক্ত চরণে 'দাসী' কথাটি কী অর্থ প্রকাশ করে?
ⓚ অজ্ঞ ⓚ পরাধীন
ⓖ নিরক্ষর ⓖ দুর্বল

১৭. ★ কোন ভাষা বক্তৃতা, ভাষণ ও নাটকের সংলাপের উপযোগী নয়?
ⓚ সাধু ভাষা
ⓚ চলিত ভাষা
ⓖ আঞ্চলিক ভাষা
ⓖ প্রমিত

১৮. 'আজ' কোন পদ?
ⓚ বিশেষ্য
ⓚ বিশেষণ
ⓖ সর্বনাম ⓖ অব্যয়

১৯. ★ বাংলা ভাষায় মৌখিক স্বরধ্বনি কয়টি?
ⓚ ৭টি ⓚ ১১টি
ⓖ ৯টি ⓖ ৮টি

২০. 'ঞ' এর উচ্চারণ কত প্রকার হয়?
ⓚ দুই প্রকার
ⓚ তিন প্রকার
ⓖ চার প্রকার
ⓖ পাঁচ প্রকার

২১. ★ 'নিশ্বাস' শব্দের সঠিক উচ্চারণ কোনটি?
ⓚ নিসশ্বাস ⓚ নিসশাশ
ⓖ নিশশাশ ⓖ নিসশাস

২২. 'সূর্যোদয়' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ⓚ সুর্য + উদয় ⓚ সূর্য + উদয়
ⓖ সূর্য্য + উদয় ⓖ সূর্য + দয়

২৩. ★ 'বনস্পতি' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ⓚ বনঃ + পতি ⓚ বনস + পতি
ⓖ বন + পতি ⓖ বন + স্পতি

২৪. নিত্য পুরুষবাচক শব্দ কোনটি?
ⓚ অকৃতদার ⓚ শুরু
ⓖ সতীন ⓖ পিতা

২৫. ★ 'সে পড়া বলে গেল' কোনটি ক্রিয়া?
ⓚ মৌলিক ক্রিয়া ⓚ যৌগিক ক্রিয়া
ⓖ প্রযোজক ক্রিয়া ⓖ ণিজন্ত ক্রিয়া

২৬. কোনটি অনুকার শব্দ?
ⓚ দিনদিন ⓚ মাথামুণ্ডু
ⓖ কাপড়চোপড় ⓖ ভয়ভয়

২৭. ★ 'মুহূর্তে অভিমান ভোলা' এ অর্থে কোন বাগ্‌ধারাটি ব্যবহার হয়ে থাকে?
ⓚ বিড়াল তপস্বী
ⓚ বিড়ালের আড়াই পাক
ⓖ ভেজা বিড়াল
ⓖ ভুঁইফোড়

২৮. 'শকুনি মামা' বাগ্‌ধারাটির অর্থ কী?
ⓚ কৎমত্তি লোক
ⓚ সৎ মামা
ⓖ কুচক্রী লোক
ⓖ পাতানো মামা

২৯. 'আমার কথায় কান দাও।'— এখানে 'কান' শব্দটি কী অর্থ বহন করে?
ⓚ মনোযোগ ⓚ বধির
ⓖ নির্লজ্জ ⓖ প্রকাশ

৩০. ★ 'ঈশ্বর তোমার ভালো করুন' বাক্যে 'ভালো' শব্দের অর্থ কী?
ⓚ সৎ ⓚ সুন্দর
ⓖ মঙ্গল ⓖ ধনী

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | ক | ৪ | খ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | গ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd24.com